APR. 22 2002

# পুলিশ হেফাজতে ছাত্রলীগ কর্মীর মৃত্যুর নিন্দায় বিভিন্ন সংগঠন

কাগজ প্রতিবেদক : কাপাসিয়া থানা পুলিশ হেফাজতে ছাত্রলীগ কর্মী জামাল উদ্দিন ফকিরের মৃত্যুর ঘটনার সুষ্ঠ বিচার বিভাগীয় তদন্ত করে দোষী ব্যক্তিদের শাস্তির দাবি জানিয়েছে বিভিন্ন মানবাধিকার সংগঠন। সংগঠনের নেতৃবৃন্দ গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে এ দাবি জানিয়েছেন।

বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার মহাসচিব সিগমা হুদা ও সংস্থার নির্বাহী পরিচালক মাসুদা গওস এক যৌথ বিবৃতিতে এ ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বলেন, পুলিশ হেফাজতে আসামি নির্যাতন ও মৃত্যুর হার দিন দিন বেড়েই চলছে। কিন্তু এসব নির্যাতনকারী দোষী পুলিশের বিরুদ্ধে কোনো আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে না। নেতৃবৃন্দ বলেন, মানুষের নিরাপত্তাদানকারী পুলিশ যখন মানুষের মৃত্যুর কারণ হয়ে দাঁড়ায় তখন সাধারণ মানুষকে এদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে। নেতৃবৃন্দ সমাজের সকল ব্যক্তি ও বিভিন্ন সংস্থাকে পুলিশি নির্যাতনের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়েছেন এবং জামাল ফকিরসহ পুলিশ কর্তৃক নিহত সকল ঘটনার সুষ্ঠু তদন্ত করে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবি জানিয়েছেন। মানবাধিকার

সিদ্ধান্ত নিয়েছে।

এছাড়াও মানবাধিকার সংগঠন 'অধিকার' জামাল উদ্দিনের মৃত্যুর ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছে। সংগঠনের নেতৃবৃন্দ এ ঘটনার ওপর তাৎক্ষণিকভাবে সরজমিন অনুসন্ধানও করেছেন। তথ্যানুসন্ধান করে নেতৃবৃন্দ বিবৃতিতে বলেছেন, মেধাবী ছাত্র জামাল উদ্দিন ফকিরের মৃত্যুর ঘটনাটি মানবাধিকারের চরম লঙ্ঘন। পুলিশের ভাষ্য মতে, ১৯ তারিখ সকাল সাড়ে ৬টায় জামাল থান হাজত থেকে পালিয়ে যাওয়ার সময় নদীতে ডুবে যায়। অথচ সারাদিন তাকে উদ্ধারে ব্যবস্থা করা হয়নি। তাছাড়া জামালকে গ্রেপ্তারের পর পুলিশ কোর্টের অনুমতি নিয়ে জিজ্ঞাসাবাদের জন্য আনতে পারতো। পুলি তা করেনি। জামাল উদ্দিনের পরিবারে পক্ষ থেকে জোরালো অভিযোগ আছে পুলিশের নির্যাতনেই জামালের মৃত্যু হয়েছে। 'নেতৃবৃন্দ অবিলম্বে উক্ত থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা গাজী মইন উদ্দিনস সেন্ট্রিকনস্টেবল আলতাফ এবং ডিউ অফিসার এএসআই এ বি সিদ্দিকে অবিলম্বে গ্রেপ্তার করে সুষ্ঠ তদন্তের স্বা হাইকোর্ট বিভাগের একজন বিচারপতি নেতৃত্বে একটি বিচার বিভাগীয় তদ কমিশন গঠন করে দোষী ব্যক্তিদের উপযু